

💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ মহিলার সাজ-সজ্জা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

আঙ্গুল ও তার সৌন্দর্য

রাসুল (ﷺ) এর যুগে মহিলারা আংটি ব্যবহার করত। তবে লোহার আংটি ব্যবহার বৈধ নয়। বৈধ নয় পয়গামের আংটি। যেমন কোন বালা-মসীবত দূর করার জন্য কোন আংটি ব্যবহার করা শির্ক।

কোন বিকৃত অঙ্গে সৌন্দর্য আনয়নের জন্য অপারেশন বৈধ। কিন্তু ক্রটিহীন অঙ্গে অধিক সৌন্দর্য আনয়নের উদ্দেশ্যে অস্ত্রোপচার করা বৈধ নয়।[1] পক্ষান্তরে অতিরিক্ত আঙ্গুল বা মাংস হাতে বা দেহের কোন অঙ্গে লটকে থাকলে তা কেটে ফেলা বৈধ।[2] কোন আঙ্গিক ক্রটি ঢাকার জন্য কৃত্রিম অঙ্গ ব্যবহার দূষণীয় নয়। যেমন, সোনার বাঁধানো নাক, দাঁত ইত্যাদি ব্যবহার করা যায়।[3]

ফুটনোট

- [1]. ফাতাওয়াল মারআহ ৯২পৃঃ
- [2]. যীনাতুল মারআতিল মুসলিমাহ ১২২ পৃঃ
- [3]. ফাতাওয়া ইবনে উষাইমীন ২/৮৩৩

Source — https://www.hadithbd.com/books/link/?id=7885

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন